JAN. 23 2002

তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ৩

# সরকারি চাকরিজীবীরা রাজনীতিতে জড়িত হলে কঠোর ব্যবস্থা

বাসস

সরকার সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের রাজনৈতিক কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার বিরুদ্ধে সতর্ক করে বলেছেন, এ ধরনের কোনো কর্মকাণ্ডে জড়িত থাকলে প্রচলিত আইনে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। গতকাল মঙ্গলবার এক সরকারি তথ্য বিবরণীতে বলা হয়, সরকার সকলের অবগতির জন্য স্পষ্ট করে জানিয়ে দিতে চায় যে, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের কোনোরকম রাজনৈতিক কার্যকলাপ বা রাজনীতি-ঘনিষ্ঠ সাংগঠনিক বা সামাজিক উদ্যোগের সঙ্গে জড়িত থাকার অবকাশ নেই। সরকারি কর্মকর্তারা কথিত সংগঠনের মাধ্যমে অথবা অন্য কোনোভাবে রাজনৈতিক ক্রিয়াকলাপের সঙ্গে যুক্ত (১১-এর পৃঃ ২-এর কঃ দেখুন)

## সরকারি চাকরীজীবীরা

প্রথম পৃষ্ঠার পর

হলে সরকারি কর্মচারী আচরণবিধি ও প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। আইনের প্রয়োগের ক্ষেত্রে সরকারের তরফ থেকে কোনো ধরনের বৈষম্য বা শৈথিল্য প্রদর্শন করা হবে না। তথ্য বিবরণীতে বলা হয়, সম্প্রতি 'ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব জিয়া স্টাডিজ' নামে গঠিত একটি সংগঠনের সঙ্গে কিছু সরকারি কর্মকর্তার সংশ্লিষ্টতার বিষয়ে সংবাদপত্রে প্রকাশিত খবরের প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে।